



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
ভৈরব, কিশোরগঞ্জ  
<http://food.bhairab.kishoreganj.gov.bd>

পত্র সংখ্যা: ১৩.০২.৪৮১১.০২৫.৫৭.০১৫.১৬.১৯৯

তারিখ: ০২ আগস্ট ২০১৮

অফিস আদেশ

২০০৬ সালে প্রণীত জাতীয় খাদ্যনীতিতে সকল সময়ে দেশের সকল মানুষের জন্য নির্ভরযোগ্য খাদ্য নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার জন্য বলা হয়েছে। টেকসই উন্নয়ন অভীষ্টে (এসডিজি) 'নো পোভারটি' ও 'জিরো হাঙ্গার' অর্জনের প্রত্যয় ঘোষিত হয়েছে। এছাড়া, ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দারিদ্র দূরীকরণের অভিপ্রায় ব্যক্ত করা হয়েছে। এ লক্ষ্য, প্রত্যয় ও অভিপ্রায় অর্জনের জন্য এবং পল্লী অঞ্চলের দারিদ্র জনসাধারণকে স্বল্পমূল্যে খাদ্য সহায়তা প্রদান ও পুষ্টি নিশ্চিত করার উদ্দেশ্যে সরকারি বিতরণ ব্যবস্থায় 'খাদ্যবান্ধব কর্মসূচি' গ্রহণ করা হয়েছে। এ কর্মসূচির আওতায় ইউনিয়ন পর্যায়ে হতদরিদ্র পরিবারকে শুভেচ্ছা মূল্যে খাদ্যশস্য বিতরণের উদ্যোগ নেওয়া হয়েছে। এ উদ্দেশ্যে খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা ২০১৭ প্রণয়ন করা হয়েছে। নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে এর '২খ' ধারা অনুযায়ী কিশোরগঞ্জ জেলাধীন ভৈরব উপজেলার জন্য নিম্নরূপভাবে 'উপজেলা খাদ্যবান্ধব কমিটি' গঠন করা হলো:

১.	সংসদ সদস্য, ১৬৭ কিশোরগঞ্জ ৬	প্রধান উপদেষ্টা
২.	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ	উপদেষ্টা
৩.	উপজেলা নির্বাহী অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ	সভাপতি
৪.	ভাইস চেয়ারম্যানগণ, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ	সদস্য
৫.	উপজেলা কৃষি কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ	সদস্য
৬.	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ	সদস্য
৭.	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ	সদস্য
৮.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ	সদস্য
৯.	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ	সদস্য
১০.	জনাব মোঃ জাকির হোসেন, সভাপতি, ভৈরব প্রেসক্লাব, ভৈরব, কিশোরগঞ্জ	সদস্য
১১.	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভৈরব, কিশোরগঞ্জ	সদস্য-সচিব

উপজেলা খাদ্য বান্ধব কমিটি দারিদ্রের প্রকোপ, দুঃস্থতা বিবেচনায় ইউনিয়নভিত্তিক উপকারভোগীদের সংখ্যা বিভাজন; ইউনিয়ন কমিটি কর্তৃক প্রণীত তালিকা যাচাই-বাছাই; খাদ্যবান্ধব কার্ড প্রয়োজনে সংশোধন বা বাতিলকরণ; ডিলার বাছাই, নিয়োগ এবং ডিলারশিপ বাতিল অনুমোদন; সাপ্তাহিক বিক্রয়ের দিন/বার নির্ধারণ; প্রয়োজনে বিতরণ কেন্দ্রের অবস্থান পুনঃনির্ধারণ; প্রতি প্রান্তিকে অবিক্রিত চাল নিষ্পত্তি; খাদ্যশস্য বিতরণ কার্যক্রম পরীক্ষণসহ সরকার ও আইনানুগ কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে অর্পিত বিবিধ দায়িত্ব পালন করবেন। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং অন্যরূপ আদেশ না দেওয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

স্বাক্ষর

মোহাম্মদ কাজী ফয়সাল  
উপজেলা নির্বাহী অফিসার ও  
সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কমিটি

পত্র সংখ্যা: ১৩.০২.৪৮১১.০২৫.৫৭.০১৫.১৬.১৯৯

তারিখ: ০২ আগস্ট ২০১৮

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- মাননীয় সংসদ সদস্য, ১৬৭, কিশোরগঞ্জ ৬।
- মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ।
- ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ।
- উপজেলা কৃষি/সমাজসেবা/পরিসংখ্যান/মহিলা বিষয়ক/প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ।
- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভৈরব, কিশোরগঞ্জ/অফিসার ইন-চার্জ, স্থানীয় সরবরাহ কেন্দ্র/সরকারি খাদ্য গুদাম, ভৈরব, কিশোরগঞ্জ।
- ✓ চেয়ারম্যান, ..... (সকল) ইউনিয়ন পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ।
- সচিব, ..... (সকল) ইউনিয়ন পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ।
- জনাব জনাব মোঃ জাকির হোসেন, সভাপতি, ভৈরব প্রেসক্লাব, ভৈরব, কিশোরগঞ্জ।
- অফিস কপি।

*Signature*

উপজেলা নির্বাহী অফিসার ও  
সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কমিটি  
ভৈরব, কিশোরগঞ্জ